Office of the Registrar
University of Dhaka
Dhaka-1000, Bangladesh.
Phone: 55167804, 88-096669111463(off)
Fax: +88-02-55167810
E-mail: vcoffice@du.ac.bd
registrar@du.ac.bd

প্রাপ্তি স্বীকার
নম্বর : ০৪৮-১
তারিখ : ২৮/০১/২৬
স্বাক্ষর :

রেজিস্ট্রারের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৮০৪, ৮৮-০৯৬৬৬৯১১১৪৬৩ (অ)
ফ্যাক্স : +৮৮-০২-৫৫১৬৭৮১০

স্মারক নং-রেজি/প্রশা-৩/৩৪৯৪২ – ৪৮ তারিখ: ২৭/১ /১৪৩৩ বঙ্গাব্দ
২৮/০১ /২০২৬ খ্রিস্টাব্দ

১. অধ্যক্ষ, ঢাকা কলেজ
২. অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ
৩. অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ
৪. অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ
৫. অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ
৬. অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ
৭. অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ

বিষয় : ৫৪তম সমাবর্তন ২০২৭ উদ্‌যাপন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, আগামী ২৬ জানুয়ারি ২০২৭ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৪তম সমাবর্তন অনুষ্ঠান উদ্‌যাপন উপলক্ষে সরকারি ০৭ কলেজের গ্র্যাজুয়েটদের (ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে শিক্ষা কার্যক্রম সম্পন্নকারী শিক্ষার্থী) স্ব-স্ব কলেজ হতে সমাবর্তনের আমন্ত্রণপত্র, একাডেমিক কস্টিউম বিতরণ, ফেরত নেয়া এবং গিফট বিতরণ কার্যক্রম পরিচালিত হবে। সমাবর্তনের আমন্ত্রণপত্র, কস্টিউম এবং গিফটসমূহ বিতরণের সুবিধার্থে অনুষ্ঠানের পূর্বেই কলেজ কর্তৃপক্ষকে বুঝিয়ে দেয়া হবে যাতে ছাত্র ও ছাত্রীদের জন্য আলাদা করে প্যাকেট করার ব্যবস্থা করা যায়। তাই যথাসময়ে রেজিস্ট্রারের অফিসের প্রশাসন-৪ শাখা থেকে উক্ত জিনিসপত্রসমূহ বুঝে নিতে হবে।

এমতাবস্থায়, আমন্ত্রণপত্র ও কস্টিউম বিতরণ, ফেরত নেয়া এবং গিফট ছাত্র ও ছাত্রীদের আলাদা করে প্যাকেট করে বিতরণের জন্য প্রয়োজনীয় বাজেট আগামী ০৫-১১-২০২৬ তারিখের মধ্যে ৫৪তম সমাবর্তন-২০২৭ উদযাপন উপলক্ষে গঠিত ফিন্যান্স, বাজেট ও স্পন্সর উপ-কমিটির আহ্বায়ক মাননীয় কোষাধ্যক্ষ অথবা সদস্য-সচিব হিসাব পরিচালক-এর নিকট প্রেরণের জন্য আপনাকে অনুরোধ জানাচ্ছি।

আপনার বিশ্বস্ত,
২৮/০১/২০২৬
মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

Scanned with CamScanner

ঢাকা বিশ্ববিদ্যালয়

৫৪তম সমাবর্তন-২০২৭

আদিষ্ট হয়ে এতদ্বারা জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৪তম সমাবর্তন আগামী ২৬ জানুয়ারি ২০২৭ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০টায় অনুষ্ঠিত হবে। সমাবর্তনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর মির্জা ফখরুল ইসলাম আলমগীর সভাপতিত্ব করবেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এমপি সমাবর্তনে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

২০ নভেম্বর ২০২২ তারিখ হতে ৩০ নভেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত যে সকল পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে/হবে সেই সকল গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্তগণ ৫৪তম সমাবর্তন-২০২৭ এ অংশগ্রহণ করতে পারবেন। আবেদন ০১ নভেম্বর ২০২৬ তারিখ থেকে শুরু হয়ে ৩০ নভেম্বর ২০২৬ তারিখে শেষ হবে। এছাড়া ১৪ অক্টোবর ২০২২ তারিখ থেকে ১৮ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে প্রকাশিত যেসব ফলাফল ৫৩তম সমাবর্তন ২০২২-এ অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি, সেগুলো ৫৪তম সমাবর্তন ২০২৭-এ অন্তর্ভুক্ত করা হবে এবং সংশ্লিষ্ট গ্র্যাজুয়েটগণ সমাবর্তনে অংশ নিতে পারবেন।

নং	ডিগ্রি	পরীক্ষা সন
১.	পিএইচডি	২০২৩,২০২৪,২০২৫,২০২৬
২.	এমফিল	২০২৩,২০২৪,২০২৫,২০২৬
৩.	ডিবিএ	২০২৩,২০২৪,২০২৫,২০২৬
৪.	বিএ(সম্মান)	২০২১,২০২২,২০২৩,২০২৪,২০২৫
৫.	বিএসএস , বিডিএম (সম্মান)	২০২১,২০২২,২০২৩,২০২৪,২০২৫
৬.	বিফার্ম,বিএস/বিএসসি (সম্মান)	২০২১,২০২২,২০২৩,২০২৪,২০২৫
৭.	বিবিএ	২০২১,২০২২,২০২৩,২০২৪
৮.	বিএফএ (সম্মান)	২০২১,২০২২,২০২৩,২০২৪,২০২৫
৯.	বিএড (সম্মান)	২০২১,২০২২,২০২৩,২০২৪
১০.	এলএলবি (সম্মান)	২০২১,২০২২,২০২৩,২০২৪
১১.	এমএ	২০২১,২০২২,২০২৩,২০২৪
১২.	এমএস,এমএসসি	২০২১,২০২২,২০২৩,২০২৪
১৩.	এমএসএস, এমডিএম	২০২১,২০২২,২০২৩,২০২৪
১৪.	এমবিএ	২০২১,২০২২,২০২৩,২০২৪
১৫.	এলএলএম	২০২১,২০২২,২০২৩,২০২৪
১৬.	এমএড	২০২১,২০২২,২০২৩,২০২৪
১৭.	এমএফএ	২০২২,২০২৩,২০২৪,২০২৫
১৮.	এমএইএলটি (আইএমএল)	২০২০, ২০২১,২০২২,২০২৩,২০২৪
১৯.	এমএ (ইভিনিং/ প্রফেশনাল)	২০২১,২০২২,২০২৩,২০২৪,২০২৫
২০.	এমএড (ইভিনিং/ প্রফেশনাল)	২০২০,২০২১,২০২২,২০২৩,২০২৪
২১.	প্রফেশনাল/ইভিনিং-পিজিডিআইটি, পিএমআইসিএস, এমফার্ম প্রফেশনাল, প্রফেশনাল সয়েল ওয়াটার, এক্সিকিউটিভএমআইটি,পিএমইপিএম এসডি, প্রফেশনাল ডিজাস্টার সায়েন্স, এমএস ইন সাইকোলজি, এমএসডিএম	২০২৩,২০২৪,২০২৫,২০২৬
২২.	এমবিএ (ইভিনিং/ এক্সিকিউটিভ/ প্রফেশনাল) এমপিএ, এমপিবি, এমপিএইচআরএম, এমপিএফ, এমআইটিবি, এমপিএম, এমটিএম, এমএটি,এমপিএমআইএস, এমএএফসিএম, এমআইআরএম	২০২২,২০২৩,২০২৪,২০২৫
২৩.	এমএসএস (ইভিনিং/ প্রফেশনাল) এমপিএ, এমজেএস/পিএমজেএস, এমজিএস/পিএমজিএস, এমএসএসপি, এমডিএস/ পিএমডিএস, এমডিএম/পিএমডিএম, পিএমআইআর/পিএমআইআরডি, এমপিএস, ইএমএইচই, জিজিডব্লিও, সিএসডব্লিও, ভিআরজে, আইআরএলএস, পিএমএসএলপি, পিএমপিসিএইচআর, পিএমসিসিজে	২০২০(এমজেএস),২০২২,২০২৩, ২০২৪,২০২৫

নং	ডিগ্রি	পরীক্ষা সন
২৪.	বিএসসি সম্মান গার্হস্থ্য অর্থনীতি	২০২১,২০২২,২০২৩,২০২৪
২৫.	এমএস গার্হস্থ্য অর্থনীতি	২০২০, ২০২১,২০২২,২০২৩,২০২৪
২৬.	এমবিবিএস	২০২২,২০২৩,২০২৪,২০২৫,২০২৬
২৭.	বিডিএস	২০২২,২০২৩,২০২৪,২০২৫,২০২৬
২৮.	বিএসসি নার্সিং (পোস্ট বেসিক)	২০২১,২০২২,২০২৩,২০২৪,২০২৫
২৯.	বিএসসি নার্সিং (বেসিক)	২০২২,২০২৩,২০২৪,২০২৫
৩০.	এমএসএন (নার্সিং)	২০২৪,২০২৫,২০২৬
৩১.	বিএসসি ইন হেলথ টেকনোলজি (ল্যাবরেটরি/ডেন্টাল/রেডিওলোজি এন্ড ইমাজিং/ ফুড সেইফটি/প্রসথেটিক্স এন্ড অর্থটিক্স)	২০২১,২০২২,২০২৩,২০২৪,২০২৫
৩২.	বিএসসি (ফিজিওথেরাপি, রিহেবিলিটেশন সায়েন্স, অকুপেশনাল থেরাপি, স্পিচ ল্যাংগুয়েজ থেরাপি)	২০২১(ফিজিওথেরাপি),২০২২, ২০২৩,২০২৪
৩৩.	এমএসসি (ফিজিওথেরাপি, রিহেবিলিটেশন)	২০২২, ২০২৩,২০২৪
৩৪.	বিইউএমএস, বিএইচএমএস ও বিএএমএস (সকল কলেজ)	২০২০ (বিএইচএমএস), ২০২২,২০২৩,২০২৪
৩৫.	এমএসসি এ্যাপ্লাইড ইপিডিমোলজি	২০২০,২০২১,২০২২,২০২৩,২০২৪, ২০২৫,২০২৬
৩৬.	এমএস (স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা)	২০২৩,২০২৪,২০২৫,২০২৬
৩৭.	এমডি (স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা)	২০২৩,২০২৪,২০২৫,২০২৬
৩৮.	বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং সকল কলেজ	২০২০(ইইই, সিভিল-ময়মনসিংহ ইঞ্জিঃ কলেজ) ২০২১,২০২২,২০২৩,২০২৪
৩৯.	এমএসসি/এমবিএ ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	২০২১(এমবিএ),২০২২,২০২৩,২০২৪
৪০.	ব্যাচেলর অব এনভায়রনমেন্টাল এ্যান্ড রিসোর্স ইকোনমিক্স (ঢাকা স্কুল অব ইকোনমিক্স)	২০২১,২০২২,২০২৩,২০২৪
৪১.	মাস্টার অব ইকোনমিক্স (ঢাকা স্কুল অব ইকোনমিক্স)	২০২২,২০২৩,২০২৪
৪২.	মাস্টার অব ডেভেলপমেন্ট ইকোনমিক্স (বিআইডিএস)	২০২২,২০২৩,২০২৪,২০২৫
৪৩.	এমপিএ (বিআইজিএম)	২০২১,২০২২,২০২৩,২০২৪
৪৪.	পিজিডি ইন ব্রডকাস্ট জার্নালিজম	২০২১
৪৫.	মাস্টার অব হিউম্যান সিকিউরিটি (আনসার একাডেমি)	২০২১,২০২২,২০২৩,২০২৪,২০২৫
৪৬.	পিজিডি ইন ফিল্ম এন্ড টেলিভিশন (পাঠশালা সাউথ এশিয়ান মিডিয়া ইনস্টিটিউট)	২০২০,২০২২, ২০২৩,২০২৪,২০২৫
৪৭.	পিজিডি ইন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট (ঢাকা স্কুল অব ইকোনমিক্স)	২০২২
৪৮.	বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন	২০২০.২০২১
৪৯.	এমবিএম (ডিএসবিএম), এমএএফসিএম (বিআইসিএস)	২০২১,২০২২,২০২৩,২০২৪
৫০.	বিএ/ বিএসসি/ বিবিএ/ বিএসএস (সম্মান) ৭ কলেজ	২০২১,২০২২,২০২৩,২০২৪
৫১.	এমএ/এমএসসি/এমবিএ/এমএসএস (৭ কলেজ)	২০২০,২০২১,২০২২,২০২৩,২০২৪

উপরে উল্লিখিত পরীক্ষাসমূহে উত্তীর্ণ গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্তদের ৫৪তম সমাবর্তন-২০২৭-এ অংশগ্রহণের জন্য আগামী ০১ নভেম্বর ২০২৬ তারিখ, রবিবার, সকাল ৮:০০টা থেকে ৩০ নভেম্বর ২০২৬ তারিখ, সোমবার, রাত ১১:৫৯টার মধ্যে https://convocation.du.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।

অনলাইনে আবেদন প্রক্রিয়াটি মোট ৪টি ধাপে সম্পন্ন করতে হবে। আবেদনকারীদের আগামী ৩০ নভেম্বর ২০২৬ তারিখ, সোমবার, রাত ১১:৫৯টার মধ্যে অবশ্যই প্রথম ধাপ সম্পন্ন করতে হবে। পরবর্তীতে, ০২ ডিসেম্বর ২০২৬ তারিখ, বুধবার, রাত ১১:৫৯টার মধ্যে অনলাইনে পেমেন্ট সম্পন্ন করতে হবে।

Scanned with CamScanner

মূল সনদ উত্তোলন ও ট্রানজেকশন ফি :

(পাস ও অনার্স/সমমান/ফিজিওথেরাপি/হেলথ টেকনোলজি ও বিএসসি ইন নার্সিং সহ অন্যান্য) গ্রাজুয়েট ও পদকপ্রাপ্ত	নিবন্ধন ফি ৩,৫০০/- টাকা	সমাবর্তনের নিবন্ধন ফি এর সা... ফি ৩০০/- টাকা ও অন্যান্য বকে... থাকে) জমা দিতে হবে। ফি পরিশো... ক্ষেত্রে অনলাইন ট্রানজেকশন চার্জ প্রযোজ্য হবে।
স্নাতকোত্তর (মাস্টার্স/সমমান)	নিবন্ধন ফি ৫,০০০/- টাকা	
এমবিবিএস, বিডিএস, এমফিল, পিএইচডি, ডিবিএ, এমএস/এমডি/এমফিল (মেডিকেল), পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মেডিকেল সায়েন্সসহ অন্যান্য	নিবন্ধন ফি ৬,০০০/- টাকা	
স্নাতকোত্তর (ইঞ্জিনিয়ার/এক্সিকিউটিভ) ডিগ্রিধারী	নিবন্ধন ফি ৮,০০০/- টাকা	

গ্র্যাজুয়েটদের যদি কেউ ডিগ্রির মূল সনদ পূর্বে সংগ্রহ করে থাকেন তিনি পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে (কক্ষ নং-৩০৯) মূল সনদ জমা দিয়ে সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে অনলাইনে সমাবর্তনের নিবন্ধনের ০২(দুই)টি কপিসহ মূল সনদ জমা দিবেন। এক্ষেত্রে নতুন করে মূল সনদ উত্তোলন বাবদ ৩০০/- টাকা জমা দেয়ার প্রয়োজন হবে না।

সমাবর্তনের আমন্ত্রণপত্র, একাডেমিক কস্টিউম ও গিফট্ সংগ্রহ :

আগামী ২৩ ও ২৪ জানুয়ারি ২০২৭ তারিখ, শনিবার ও রবিবার সকাল ১০:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত নিম্নে উল্লেখিত স্থানসমূহ হতে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েটদের আমন্ত্রণপত্র, একাডেমিক কস্টিউম ও গিফট্ সংগ্রহ করতে হবে:

১.	**কলা অনুষদ ভবন:**	কলা এবং আইন অনুষদভুক্ত বিভাগসমূহ, শিক্ষা ও গবেষণা এবং আধুনিক ভাষা ইনস্টিটিউটের গ্র্যাজুয়েটবৃন্দ।
২.	**কার্জন হল কেন্দ্র:**	বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত বিভাগসমূহ এবং পুষ্টি ও খাদ্য বিজ্ঞান, অ্যাপ্লাইড স্ট্যাটিস্টিক্স অ্যান্ড ডেটা সায়েন্স, তথ্য প্রযুক্তি, শক্তি, পেলার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, হোমিওপ্যাথিক, ইউনানী, আয়ুর্বেদিক ও ইঞ্জিনিয়ারিং কলেজসমূহ এবং জাতীয় বস্ত্র প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউট-এর গ্র্যাজুয়েটবৃন্দ।
৩.	**বিজনেস স্টাডিজ অনুষদ ভবন:**	বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহ, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট, ঢাকা স্কুল অব ব্যাংক ম্যানেজমেন্ট এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিট্যাল মার্কেট এর গ্র্যাজুয়েটবৃন্দ।
৪.	**সামাজিক বিজ্ঞান অনুষদ ভবন:**	সামাজিক বিজ্ঞান এবং চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহ, সমাজকল্যাণ ও গবেষণা, স্বাস্থ্য অর্থনীতি এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, ঢাকা স্কুল অব ব্রডকাস্ট জার্নালিজম, বিআইডিএস গ্র্যাজুয়েট স্কুল অব ইকনোমিক্স, বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স এন্ড ম্যানেজমেন্ট, ঢাকা স্কুল অব ইকনোমিক্স এবং পাঠশালা সাউথ এশিয়ান মিডিয়া ইনস্টিটিউট-এর গ্র্যাজুয়েটবৃন্দ।
৫.	**ছাত্র-শিক্ষক কেন্দ্র:**	শিক্ষা অনুষদ, চিকিৎসা অনুষদ, স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা অনুষদ, গার্হস্থ্য অর্থনীতি কলেজসমূহের গ্র্যাজুয়েটবৃন্দ এবং এমফিল, পিএইচডি, ডিবিএ ও পদকপ্রাপ্তগণ।
৬.	**সরকারি ৭ কলেজ** (ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি বাঙলা কলেজ এবং সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ) **এর স্ব স্ব ক্যাম্পাস**	**স্ব-স্ব কলেজ-এর গ্র্যাজুয়েটবৃন্দ (ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে শিক্ষা কার্যক্রম সম্পন্নকারী শিক্ষার্থী)।**

উক্ত তারিখ ও সময় ছাড়া আমন্ত্রণপত্র, একাডেমিক কস্টিউম ও গিফট্ প্রদান করা হবে না। একাডেমিক কস্টিউম ও গিফট্ গ্রহণের রসিদ জমা দিয়ে নির্ধারিত কাউন্টার হতে আমন্ত্রণপত্র, একাডেমিক কস্টিউম ও গিফট্ সংগ্রহ করতে হবে এবং সমাবর্তন অনুষ্ঠান শেষে উক্ত কাউন্টারে একাডেমিক কস্টিউম ফেরত প্রদান করতে হবে।

২৬ জানুয়ারি ২০২৭ তারিখ, মঙ্গলবার নির্ধারিত সময়ের মধ্যে (সময় পরবর্তীতে জানানো হবে) সমাবর্তন অনুষ্ঠানস্থলে প্রবেশ করে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে। আমন্ত্রণপত্র ছাড়া অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না। গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্তদের বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট একাডেমিক কস্টিউম (পোশাক) পরিধান ছাড়া ২৫ জানুয়ারি ২০২৭ তারিখ, সোমবার সমাবর্তন রিহার্সেলে এবং ২৬ জানুয়ারি ২০২৭ তারিখ, মঙ্গলবার অনুষ্ঠেয় সমাবর্তনে অংশগ্রহণ করা যাবে না।

মাননীয় চ্যান্সেলর সমাবর্তন প্যান্ডেলে প্রবেশ করে মঞ্চে আসন গ্রহণ না করা পর্যন্ত সমাবর্তনে অংশগ্রহণকারীদের নিজ নিজ আসনের সামনে দাঁড়িয়ে থাকতে হবে এবং সমাবর্তন শেষে সমাবর্তনস্থল ত্যাগ না করা পর্যন্ত নিজ নিজ আসনে থাকতে হবে।

বিশেষ দ্রষ্টব্য:

- একাডেমিক কস্টিউম ধোলাই বা ইস্ত্রি করা যাবে না।
- **নির্ধারিত তারিখের মধ্যে কস্টিউম ফেরত না দিলে প্রতিদিন বিলম্বের জন্য আর্থিক জরিমানা দিতে হবে।**
- আমন্ত্রণপত্র হস্তান্তরযোগ্য নয়।
- মোবাইল ফোন, হ্যান্ডব্যাগ, ছাতা, পানির বোতল ও ক্যামেরা নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না।
- আমন্ত্রণপত্র ছাড়া অনুষ্ঠানস্থলে কোন অতিথি প্রবেশ করতে পারবে না।
- অনুষ্ঠানস্থলে প্রবেশের পর বাইরে যাওয়া-আসা না করাই সমীচীন।

৫৪তম সমাবর্তন-২০২৭: অনলাইন আবেদন প্রক্রিয়ার নির্দেশনা

উল্লিখিত পরীক্ষাসমূহে উত্তীর্ণ গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্তদের ৫৪তম সমাবর্তন-২০২৭-এ অংশগ্রহণের জন্য আগামী ০১ নভেম্বর ২০২৬ তারিখ, রবিবার, সকাল ৮:০০টা থেকে ৩০ নভেম্বর ২০২৬ তারিখ, সোমবার, রাত ১১:৫৯টার মধ্যে https://convocation.du.ac.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন আবেদন প্রক্রিয়াটি মোট চারটি ধাপে সম্পন্ন করতে হবে। ধাপসমূহের বিস্তারিত নির্দেশনা নিম্নরূপ:

প্রথম ধাপ: অনলাইনে আবেদন দাখিল

আবেদনকারীকে https://convocation.du.ac.bd ওয়েবসাইটে লগইন করে ড্যাশবোর্ড থেকে **"Apply for Convocation"** অপশনে ক্লিক করতে হবে। অতঃপর প্রয়োজনীয় তথ্য প্রদান করে আবেদনটি সাবমিট করতে হবে।

যেসব শিক্ষার্থীর পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের সংশ্লিষ্ট সিস্টেম (eco.du.ac.bd)-এ পূর্ব থেকেই একাউন্ট রয়েছে, তারা ওই একাউন্টের ই-মেইল ও পাসওয়ার্ড ব্যবহার করে সমাবর্তনের ওয়েবসাইটে লগইন করতে পারবেন। যাদের কোনো একাউন্ট নেই, তারা কনভোকেশন ওয়েবসাইটে নতুন করে সাইন আপ করে একাউন্ট তৈরি করতে পারবেন। উল্লেখ্য, তৈরি করা এই একাউন্টটি পরবর্তীতেও পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের সংশ্লিষ্ট সিস্টেমে অন্যান্য কার্যক্রম সম্পাদনের জন্য ব্যবহার করা যাবে।

আবেদনকারী প্রয়োজনীয় তথ্য পূরণ করে আবেদনটি প্রথম ধাপে থাকা অবস্থায় সংরক্ষণ করতে পারবেন এবং প্রয়োজনে ড্যাশবোর্ড থেকে আবেদনটি খুলে তথ্য হালনাগাদ করতে পারবেন। আবেদন সাবমিট করার পর এতে আর কোনো ধরনের পরিবর্তন বা সংশোধন করা যাবে না। সাবমিট করা আবেদনটি স্বয়ংক্রিয়ভাবে দ্বিতীয় ধাপে যাচাই-বাছাই ও প্রয়োজনীয় ক্লিয়ারেন্সের জন্য প্রেরিত হবে।

আবেদনের সময়সীমা : আগামী **৩০ নভেম্বর ২০২৬ তারিখ, সোমবার, রাত ১১:৫৯**টার মধ্যে প্রথম ধাপ সম্পন্ন করতে হবে। উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর নতুন কোনো আবেদন সাবমিট করে দ্বিতীয় ধাপে প্রেরণ করা যাবে না।

দ্বিতীয় ধাপ: আবেদন যাচাই-বাছাই, অনুমোদন, ক্লিয়ারেন্স ও বকেয়া নির্ধারণ

এই ধাপে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট হল, হিসাব পরিচালকের দপ্তর এবং অধিভুক্ত ও উপাদানকল্প কলেজ/ইনস্টিটিউটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের আওতাধীন আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রয়োজনীয় অনুমোদন ও ক্লিয়ারেন্স প্রদান করবেন। আবেদনকারীর কোনো বকেয়া থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তা আবেদনের সঙ্গে উল্লেখ করবেন।

এ ধাপে আবেদনকারীর নিজস্ব কোনো কার্যক্রম সম্পাদনের প্রয়োজন নেই। সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের অনুমোদন ও ক্লিয়ারেন্স সম্পন্ন হলে আবেদনটি স্বয়ংক্রিয়ভাবে তৃতীয় ধাপে স্থানান্তরিত হবে এবং আবেদনকারীকে ই-মেইলে/এসএমএস-এর মাধ্যমে বিষয়টি জানানো হবে। এছাড়া আবেদনকারী নিজস্ব ড্যাশবোর্ড থেকেও আবেদনের বর্তমান অবস্থা দেখতে পারবেন।

অনুমোদন সম্পন্নের সময়সীমা : দ্বিতীয় ধাপে আবেদন যাচাই-বাছাই, অনুমোদন ও ক্লিয়ারেন্স সম্পন্ন করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ২৪–৪৮ ঘণ্টা সময় লাগতে পারে। তবে, বিশ্ববিদ্যালয় প্রশাসন ০১ ডিসেম্বর ২০২৬ তারিখ, মঙ্গলবারের মধ্যে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের যাচাই-বাছাই, অনুমোদন ও ক্লিয়ারেন্সের কার্যক্রম সম্পন্ন হওয়া নিশ্চিত করবেন, যাতে আবেদনকারীরা নির্ধারিত সময়ের মধ্যে তৃতীয় ধাপে প্রবেশ করে অনলাইনে ফি পরিশোধ করতে পারেন।

তৃতীয় ধাপ: অনলাইনে ফি পরিশোধ

দ্বিতীয় ধাপের সকল অনুমোদন ও ক্লিয়ারেন্স সম্পন্ন হওয়ার পর আবেদনকারী তৃতীয় ধাপে অনলাইনে ফি পরিশোধ করতে পারবেন। এক্ষেত্রে সমাবর্তনের নির্ধারিত ফি-এর সঙ্গে দ্বিতীয় ধাপে নির্ধারিত বকেয়া (যদি থাকে) যোগ করে প্রদেয় মোট অর্থ অনলাইনে পরিশোধ করতে হবে। পেমেন্ট সফলভাবে সম্পন্ন হলে আবেদনটি স্বয়ংক্রিয়ভাবে চতুর্থ ধাপে স্থানান্তরিত হবে।

পেমেন্টের সময়সীমা: আগামী **০২ ডিসেম্বর ২০২৬ তারিখ, বুধবার, রাত ১১:৫৯** টার মধ্যে অনলাইনে পেমেন্ট সম্পন্ন করতে হবে। উক্ত সময়সীমার পর আর কোনো পেমেন্ট করা যাবে না! নির্ধারিত সময়ের মধ্যে পেমেন্ট সম্পন্ন না হলে সংশ্লিষ্ট আবেদনগুলো স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

(২)

Scanned with CamScanner

চতুর্থ ধাপ: সনদ উত্তোলনের আবেদন ফরম জমা ও প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণ

চতুর্থ ধাপে শুধু এমফিল, পিএইচডি ও ডিবিএ ডিগ্রিধারীদের সিস্টেম থেকে সনদ উত্তোলনের আবেদন ফরম ডাউনলোড করে স্বাক্ষরপূর্বক আগামী **০৩ ডিসেম্বর ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, বিকাল ৪:০০**টার মধ্যে সংশ্লিষ্ট **বিভাগ/ইনস্টিটিউটে** জমা দিতে হবে।

অন্যদিকে, যেসব গ্র্যাজুয়েট ইতোমধ্যে তাদের মূল সনদ উত্তোলন করেছেন, তাদের সমাবর্তনের আবেদন ফরম ০২(দুই) কপি প্রিন্ট করে মূল সনদসহ আগামী **০৩ ডিসেম্বর ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, বিকাল ৪:০০**টার মধ্যে **পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের ৩০৯ নম্বর কক্ষে** জমা দিতে হবে।

উল্লেখ্য, এমফিল, পিএইচডি ও ডিবিএ ডিগ্রিধারী এবং ইতোপূর্বে মূল সনদ উত্তোলনকারী গ্র্যাজুয়েট **ব্যতীত অন্য কোনো আবেদনকারীকে আবেদন ফরম জমা দিতে হবে না।**

আবেদনকারীকে নিম্নেবর্ণিত কাগজপত্র কনভোকেশন ওয়েবসাইট থেকে ডাউনলোড করে সমাবর্তন এবং সনদ উত্তোলন কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে হবে:

ক) সমাবর্তনের আবেদনপত্র;
খ) সমাবর্তনের পোশাক (কস্টিউম) গ্রহণের ফরম;
গ) গৃহীত কস্টিউম ফেরত প্রদানের রসিদ;
ঘ) গিফট গ্রহণের ফরম; এবং
ঙ) ঐ জমা প্রদানের রসিদ।

২৬/১০/২০২৬
মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ৬৬৮০৫-সি

তারিখ: ১০/০৭/১৪৩৩ বঙ্গাব্দ
২৬/১০/২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):-

১. নির্বাহী ও ব্যবস্থাপনা কমিটির সকল সদস্য, ৫৪ম সমাবর্তন অনুষ্ঠান-২০২৭ উদ্‌যাপন।
২. সকল উপ-কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিব, ৫৪ম সমাবর্তন অনুষ্ঠান-২০২৭ উদ্‌যাপন।
৩. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, সকল হল ও হোস্টেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮. সকল কনস্টিটুয়েন্ট কলেজের অধ্যক্ষ/ ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯. অধ্যক্ষ, ঢাকা কলেজ, ঢাকা।
১০. অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা।
১১. অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
১২. অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
১৩. অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, ঢাকা।
১৪. অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, ঢাকা।
১৫. অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।
১৬. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৭. পরিচালক, আরবরি কালচার সেন্টার, ঢাকা বিশ্ববিদ্যালয়
১৮. পরিচালক, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।
১৯. পরিচালক, জনসংযোগ অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২০. পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২১. সকল ডেপুটি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২২. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৩. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-উপাচার্যের (শিক্ষা) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৪. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, প্রো-উপাচার্যের (প্রশাসন) অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৫. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৬. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৭. টেকনিক্যাল অফিসার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় (ই-মেইলে কপি প্রেরণ করুন)।
২৮. নোটিশ বোর্ড, প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়।

২৬/১০/২০২৬
(মুহাম্মদ আহসানুল কবির)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন ঃ ৯৬৬১৯০০-৫৯/৪০২১

২৬/১০/২৬

Scanned with CamScanner